

“চট্টগ্রাম জেলার মীরসরাই উপজেলার উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন : সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনাকে ভূমি ব্যবহারের মাধ্যমে সম্পৃক্তকরণ” শীর্ষক প্রকল্পে ২০/১১/২০১৭ তারিখে মীরসরাই উপজেলার ০৮ নং ইউনিয়ন এ অনুষ্ঠিত
PRA সেশনের প্রতিবেদন

- প্রকল্পের নাম : “চট্টগ্রাম জেলার মীরসরাই উপজেলার উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন : সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনাকে ভূমি ব্যবহারের মাধ্যমে সম্পৃক্তকরণ” শীর্ষক প্রকল্প
- পিআরএ সেশন অনুষ্ঠিত হওয়ার তারিখ, সময় ও স্থান : ২০/১১/২০১৭ তারিখে মীরসরাই উপজেলার ০৮ নং ইউনিয়ন এ বিকাল ৩.৩০ ঘটিকায় ইউনিয়ন পরিষদের সম্মেলন কক্ষে PRA সেশন অনুষ্ঠিত হয়।
- উপস্থিতির তালিকা : PRA সেশন এ উপস্থিতির তালিকা পরিশিষ্ট ‘ক’ তে সংযুক্ত করা হলো।
- আলোচনা :
- “চট্টগ্রাম জেলার মীরসরাই উপজেলার উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন : সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনাকে ভূমি ব্যবহারের মাধ্যমে সম্পৃক্তকরণ” শীর্ষক প্রকল্পের প্ল্যানার প্রকল্পের সার্বিক বিষয়াদি সম্পর্কে ধারণা প্রদান করেন। আলোচনার শুরুতে তিনি আনুষ্ঠানিক পরিচয়পর্ব পরিচালনা করেন। এরপর তিনি মীরসরাই উপজেলায় নির্মাণাধীন দেশের সর্ববৃহৎ অর্থনৈতিক অঞ্চল বিষয়ে আলোচনা করেন। পরবর্তীতে ০৮ নং ইউনিয়নে কিছু অংশে বিদ্যমান মহামায়া লেকের পর্যটনগত গুরুত্ব তুলে ধরেন। লেকের সুবিধাসমূহ বিষয়ে তিনি বলেন যে, বর্তমান সুবিধাসমূহ পর্যটকদের আকর্ষন করার জন্য যথেষ্ট নয়। একে পরিকল্পিত উপায়ে গড়ে তুলতে হবে। পর্যটন সভাবনা ও অর্থনৈতিক অঞ্চলের ফলে জনসংখ্যা বৃদ্ধিসহ সম্ভাব্য সৃষ্টি অন্যান্য সমস্যা মোকাবেলায় মিরসরাই উপজেলার জন্য যথাযথ পরিকল্পনার প্রয়োজন। আর পরিকল্পনার জন্য মীরসরাই অধিবাসীদের সহযোগিতার প্রয়োজন। তিনি উপস্থিতি সদস্যদের তাদের স্ব-স্ব এলাকার সমস্যাগুলো উপস্থাপন করার অনুরোধ করেন। পিআরএ সেশনে উপস্থিতি সদস্যরা জলাবদ্ধতাকে তাদের এলাকায় প্রধানতম সমস্যা হিসেবে আখ্যায়িত করেন। বৃষ্টি হলে প্রায় সময় এলাকায় হাঁটু পানি জমে যায় বলে তারা জানান। মূলত খাল ও ছড়াগুলো দিয়ে বৃষ্টির পানি প্রবাহিত হতে না পারার কারণেই জলাবদ্ধতার সৃষ্টি বলে তাদের অভিমত। প্রায় ৩-৫ ঘণ্টা পানি জমে থাকে। এছাড়া, বিদ্যমান সড়কের বেহাল দশা, পর্যাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানের অভাব, ক্রমাগত ক্রম ভূমি ত্রাস ইত্যাদি নানা সমস্যার কথা তুলে ধরেন এলাকাবাসী। এরপর মহামায়া লেক ও তার আশেপাশের এলাকাকে আদর্শ পর্যটন কেন্দ্র হিসেবে গড়ে তোলার ক্ষেত্রে এলাকাবাসীর মতামত নেয়া হয়। স্থানীয় জনগণ বিদ্যমান মহামায়া লেকের নানা সমস্যা তুলে ধরেন এবং পাশাপাশি লেককে ঘিরে পর্যটন কেন্দ্র গড়ে তোলার ক্ষেত্রে বিভিন্ন প্রস্তুতিনাম প্রদান করেন। রোপওয়ে, ঝুলন্ড ব্রিজ, মিনি চিড়িয়াখানা, কটেজ নির্মাণ, সংযোগ সড়ক নির্মাণ, শৈৰাচার সুবিধা, বিশামের স্থানসহ বিভিন্ন সুবিধা প্রয়োজন বলে জানান। পিআরএ সেশনে সমস্যাবলী বিষয়ে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহিত হয়-
- সিদ্ধান্তসমূহ :
- ১। পাহাড়ী ঢলে জলাবদ্ধতা
 - ২। শিক্ষা প্রতিষ্ঠানে পর্যাপ্ত ভবনের অভাব
 - ৩। অপ্রসংস্থ ও ক্ষতিগ্রস্ত সড়ক
 - ৪। সুনির্দিষ্ট খেলার মাঠ নেই
 - ৫। আশেপাশের ইউনিয়ন সমূহের সাথে সংযোগ সড়কের অভাব
 - ৬। বিশুদ্ধ পানির সমস্যা
 - ৭। পাহাড়ী ঢলে ক্রম জমিতে বালু জমে ফসলী জমির ক্ষতি
 - ৮। হাট বাজারের অভাব
 - ৯। কমিউনিটি ক্লিনিক নাই
 - ১০। পর্যাপ্ত প্রাথমিক বিদ্যালয় নেই
 - ১১। বর্জ্য ব্যবস্থাপনার অভাব

পিআরএ সেশনে উল্লেখিত প্রতিটি সমস্যাগুলোর সমাধান নিয়ে আলোচনা করা হয়। উপস্থিতি সদস্যদের ইউনিয়ন এ প্রয়োজনীয় সুবিধাসমূহের সম্ভাব্য অবস্থান সরবরাহকৃত মানচিত্রে প্রদর্শন করার জন্য অনুরোধ জানানো হয়। প্রাথমিক বিদ্যালয়, হাসপাতাল, বাজার ইত্যাদি স্থাপনের সম্ভাব্য জায়গা উপস্থিতি সদস্যগণ সংশ্লিষ্ট মানচিত্রে এঁকে দেখান।